



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৪০

২৭ অগ্রহায়ণ ১৪৩১

তারিখ: _____

১২ ডিসেম্বর ২০২৪

চেয়ারম্যান, পরিচালক পর্ষদ ও
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানিতে “স্বতন্ত্র পরিচালক” নিয়োগ এবং তাঁদের দায়িত্ব, কর্তব্য ও সম্মানি প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখ ১৩ মার্চ ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ডিএফআইএম সার্কুলার নং-০২/২০২৪ এর মাধ্যমে ফাইন্যান্স কোম্পানিসমূহের স্বতন্ত্র পরিচালক নিয়োগ এবং তাঁর/তাঁদের দায়-দায়িত্ব ও ক্ষমতা নির্ধারণে ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক অনুসরণীয় নীতিমালা বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। এ ক্ষেত্রে উক্ত সার্কুলারের ফাইন্যান্স কোম্পানিসমূহের ‘স্বতন্ত্র পরিচালক’ নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞতা ও উপযুক্ততা সম্পর্কিত ৪(গ) ও (ঘ) নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

“০৪(গ) তাঁকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, ব্যাংকিং, ফিন্যান্স, ব্যবসায় প্রশাসন, আইন, হিসাববিজ্ঞান বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। তবে, কোনো ব্যাংক-কোম্পানির অথবা ফাইন্যান্স কোম্পানির প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা হিসাব পেশায় নিয়োজিত চার্টার্ড একাউন্ট্যান্ট কিংবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট অথবা কোন স্বনামধন্য কর্পোরেট প্রতিষ্ঠানের নির্বাহী পদে কর্ম অভিজ্ঞতা সম্পন্ন স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তিকে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগের ক্ষেত্রে বিবেচনা করা যাবে।

(ঘ) সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ বা ব্যবসায় প্রশাসন, আইন ও তথ্য প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ শিক্ষক, আইন পেশায় নিয়োজিত ব্যক্তি, অভিজ্ঞ ব্যাংকার, বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অর্থ বিভাগ, শিল্প মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়ের অভিজ্ঞ কর্মকর্তাগণকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যাবে। তথ্য-প্রযুক্তি বিষয়ে প্রাতিষ্ঠানিক/পেশাগত শিক্ষা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।”

০৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখ ১৩ মার্চ ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৪, ১৫ ও ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।